# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ৮. ৬. পাণ্ডুলিপিগুলোর পুস্তকতালিকার তুলনা

মিখাইল শেফলার (Michael Scheifler) biblelight.net ওয়েবসাইটে How Many Books Are In The Old Testament? (পুরাতন নিয়মে কতগুলো পুস্তক বিদ্যমান?)[1] প্রবন্ধে দুটো বিষয় গুরুত্ব দিয়েছেন:

প্রথমত: পাণ্ডুলিপিগুলো সম্পর্কে ১৬১১ খ্রিষ্টাব্দে কিং জেমস বাইবেল ছাপার আগে কেউই কিছু শুনেননি। কিং জেমস বাইবেল মুদ্রণের পরে এগুলো আবিষ্কৃত হয়েছে।

দ্বিতীয়ত: এগুলো মূলত জালিয়াতি। তার ভাষায়: "Codex Vaticanus Forgery found in 1481 in Vatican Library": "ভ্যাটিকানীয় পাণ্ডুলিপি ১৪৮১ সালে ভ্যাটিকান লাইব্রেরিতে প্রাপ্ত জালিয়াতি"; "Codex Sinaiticus 1836 Forgery by Constantine Simonides" "সিনাই পাণ্ডুলিপি ১৮৩৬ সালে কনস্টানাইন সিমোনাইডস-এর জালিয়াতি"; "Codex Alexandrinus Unknown prior to 1624": "আলেকজান্দ্রীয় পাণ্ডুলিপি: ১৬২৪ সালের আগে অজ্ঞাত ছিল।"

তার দেওয়া তালিকা অনুসারে পাণ্ডুলিপিগুলোর পুস্তক সংখ্যা ও বিন্যাস নিম্নরূপ:

| | ভ্যাটিকানীয় পাণ্ডুলিপি: ১৪৮১ সালে ভ্যাটিকান লাইব্রেরীতে প্রাপ্ত জালিয়াতি | | সিনাই পাণ্ডুলিপি ১৮৩৬ সালে কনস্টানাইন সিমোনাইডসের জালিয়াতি | | আলেকজান্দ্রীয় পাণ্ডুলিপি ১৬২৪ সালের আগে অজ্ঞাত ছিল |
|---|---|---|---|---|---|
| ১ | আদিপুস্তক | ১ | আদিপুস্তক (ভগ্নাংশ) | ১ | আদিপুস্তক |
| ২ | যাত্রাপুস্তক | ২ | যাত্রাপুস্তক (নেই) | ২ | যাত্রাপুস্তক |
| ৩ | লেবীয় পুস্তক | ৩ | লেবীয় পুস্তক (নেই) | ৩ | লেবীয় পুস্তক |
| ৪ | গণনা পুস্তক | ৪ | গণনা পুস্তক (নেই) | ৪ | গণনা পুস্তক |
| ৫ | দ্বিতীয় বিবরণ | ৫ | দ্বিতীয় বিবরণ (নেই) | ৫ | দ্বিতীয় বিবরণ |
| ৬ | যিহোশূয় | ৬ | যিহোশূয় (নেই) | ৬ | যিহোশূয় |
| ৭ | বিচারকর্তৃগণ | ৭ | বিচারকর্তৃগণ (নেই) | ৭ | বিচারকর্তৃগণ |
| ৮ | রূথ | ৮ | রূথ (নেই) | ৮ | রূথ |
| ৯ | ১ রাজাবলি (১ শমূয়েল) | ৯ | ১ রাজাবলি (নেই) | ৯ | ১ রাজাবলি |
| ১০ | ২ রাজাবলি (২ শমূয়েল) | ১০ | ২ রাজাবলি (নেই) | ১০ | ২ রাজাবলি |
| ১১ | ৩ রাজাবলি (১ রাজাবিল) | ১১ | ৩ রাজাবলি (নেই) | ১১ | ৩ রাজাবলি |
| ১২ | ৪ রাজাবলি (২ রাজাবলি) | ১২ | ৪ রাজাবলি (নেই) | ১২ | ৪ রাজাবলি |

| | ভ্যাটিকানীয় পাণ্ডুলিপি: ১৪৮১ সালে ভ্যাটিকান লাইব্রেরীতে প্রাপ্ত জালিয়াতি | | সিনাই পাণ্ডুলিপি ১৮৩৬ সালে কনস্টানাইন সিমোনাইডসের জালিয়াতি | | আলেকজান্দ্রীয় পাণ্ডুলিপি ১৬২৪ সালের আগে অজ্ঞাত ছিল |
|---|---|---|---|---|---|
| ১৩ | ১ বংশাবলি | ১৩ | ১ বংশাবলি (আংশিক) | ১৩ | ১ বংশাবলি |
| ১৪ | ২ বংশাবলি | ১৪ | ২ বংশাবলি (নেই) | ১৪ | ২ বংশাবলি |
| ১৫ | ১ ইস্রা (1 Esdras) | ১৫ | ১ ইস্রা (নেই) | ১৫ | হোশেয়া |
| ১৬ | ২ ইস্রা (ইস্রা+নহিমিয়) | ১৬ | ২ ইস্রা | ১৬ | অমোষ |
| ১৭ | গীতসংহিতা + ১৫১ গীত | ১৭ | ইষ্টের:সংযোজনসহ | ১৭ | মিখা |
| ১৮ | হিতোপদেশ | ১৮ | টোবিত/ তোবিয়াস | ১৮ | যোয়েল |
| ১৯ | উপদেশক | ১৯ | যুডিথ | ১৯ | ওবাদিয় |
| ২০ | পরমগীত | ২০ | ১ মাকাবীয় | ২০ | যোনা |
| ২১ | ইয়োব | ২১ | ৪ মাকাবীয় | ২১ | নাহূম |
| ২২ | শলোমনের প্রজ্ঞাপুস্তক | ২২ | যিশাইয় | ২২ | হাবাক্কুক |
| ২৩ | বেন সিরা | ২৩ | যিরমিয় | ২৩ | গফনিয় |
| ২৪ | ইষ্টের (সংযোজনসহ) | ২৪ | বিলাপ | ২৪ | হগয় |
| ২৫ | টোবিত | ২৫ | যিহিস্কেল (নেই) | ২৫ | সখরিয় |
| ২৬ | যুডিথ | ২৫ | দানিয়েল (নেই) | ২৬ | মালাখি |
| ২৭ | হোশেয়া | ২৭ | অমোষ (নেই) | ২৭ | যিশাইয় |
| ২৮ | অমোষ | ২৮ | মিখা (নেই) | ২৮ | ডযরমিয় |
| ২৯ | মিখা | ২৯ | যোয়েল | ২৯ | বারুখ |
| ৩০ | যোয়েল | ৩০ | ওবদিয় | ৩০ | ডবলাপ |
| ৩১ | ওবাদিয় | ৩১ | যোনা | ৩১ | যিরমিয়ের পত্র |
| ৩২ | যোনা | ৩২ | নাহূম | ৩২ | যিহিস্কেল |
| ৩৩ | নাহূম | ৩৩ | হাবাক্কুক | ৩৩ | দানিয়েল (+) |
| ৩৪ | হাবাক্কুক | ৩৪ | সফনিয় | ৩৪ | ইস্টের (+) |
| ৩৫ | গফনিয় | ৩৫ | হগয় | ৩৫ | তোবিত |
| ৩৬ | হগয় | ৩৬ | সখরিয় | ৩৬ | যুডিথ |
| ৩৭ | সখরিয় | ৩৭ | মালাখি | ৩৭ | ১ ইস্রা |
| ৩৮ | মালাখি | ৩৮ | গীতসংহিতা (+১৫১) | ৩৮ | ২ ইস্রা |
| ৩৯ | যিশাইয় | ৩৯ | হিতোপদেশ | ৩৯ | ১ মাকাবীয় |
| ৪০ | ডযরমিয় | ৪০ | উপদেশক | ৪০ | ২ মাকাবীয় |
| ৪১ | বারুখ | ৪১ | পরমগীত | ৪১ | ৩ মাকাবীয় |

| | ভ্যাটিকানীয় পাণ্ডুলিপি:<br>১৪৮১ সালে ভ্যাটিকান লাইব্রেরীতে প্রাপ্ত জালিয়াতি | | সিনাই পাণ্ডুলিপি<br>১৮৩৬ সালে কনস্টানাইন সিমোনাইডসের জালিয়াতি | | আলেকজান্দ্রীয় পাণ্ডুলিপি<br>১৬২৪ সালের আগে অজ্ঞাত ছিল |
|---|---|---|---|---|---|
| ৪২ | ডবলাপ | ৪২ | প্রজ্ঞাপুস্তক | ৪২ | ৪ মাকাবীয় |
| ৪৩ | যিরমিয়ের পত্র | ৪৩ | বেন সিরা (বিন সিরাক) | ৪৩ | গীতসংহিতা (১৫১) |
| ৪৪ | যিহিস্কেল | ৪৪ | ইয়োব | ৪৪ | ইয়োব |
| ৪৫ | দানিয়েল (সংযোজন-সহ) | | | ৪৫ | হিতোপদেশ |
| | | | | ৪৬ | উপদেশক |
| | | | | ৪৭ | পরমগীত |
| | | | | ৪৮ | প্রজ্ঞাপুস্তক |
| | | | | ৪৯ | বেন সিরা (বিন সিরাক) |
| | | | | ৫০ | শলোমনের গীতসংহিতা |

প্রাচীনতম পাণ্ডুলিপির পুস্তকতালিকা থেকে আমরা নিম্নের বিষয়গুলো জানছি:

(ক) প্রচলিত ক্যাথলিক, প্রটেস্ট্যান্ট, অর্থোডক্স কোনো বাইবেলের সাথেই এ পান্ডুলিপিগুলোর বিন্যাস ও পুস্তকের সংখ্যায় মিল নেই।

(খ) প্রটেস্ট্যান্ট ও ক্যাথলিক উভয় সম্প্রদায়ের মতেই জাল বা সন্দেহজনক কয়েকটা পুস্তক এ পাণ্ডুলিপিগুলোর মধ্যে বিদ্যমান। ১ ইস্রা পুস্তকটা ক্যাথলিক ও প্রটেস্ট্যান্ট সকলের মতেই বাতিল, জাল বা সন্দেহজনক পুস্তক। অথচ প্রাচীনতম এ পাণ্ডুলিপিগুলোতে এ পুস্তকটা বিদ্যমান। অনুরূপভাবে গীতসংহিতা ১৫১ প্রটেস্ট্যাস্ট ও ক্যাথলিক কোনো বাইবেলেই নেই; কিন্তু এ পাণ্ডুলিপিগুলোর মধ্যে তা বিদ্যমান।

(গ) অনুরূপভাবে ৩ ও ৪ মাকাবীয় প্রটেস্ট্যান্টদের মতে এবং অধিকাংশ ক্যাথলিকের মতে জাল বা সন্দেহজনক। বাংলা জুবিলী বাইবেলে পুস্তকগুলো নেই। কিন্তু আমরা দেখছি এ সকল জাল বা সন্দেহজনক পুস্তক উপরের ‘প্রাচীনতম নির্ভরযোগ্য’ কোনো কোনো পাণ্ডুলিপিতে বিদ্যমান।

(ঘ) শলোমনের গীতসংহিতা সকলের মতেই বাতিল, জাল বা সন্দেহজনক। আলেকজান্দ্রীয় পাণ্ডুলিপিতে পুস্তকটা বিদ্যমান।

(ঙ) ক্যাথলিকদের নিকট গ্রহণযোগ্য পুস্তকগুলোর মধ্যে ভ্যাটিকান-পাণ্ডুলিপিতে ১ ও ২ মাকাবীয় নেই। সিনাই পাণ্ডুলিপিতে বারুখ নেই।(চ) পুস্তকতালিকা ও বিন্যাসের বৈপরীত্যের পাশাপাশি মূল পাঠের মধ্যে অগণিত বৈপরীত্য বিদ্যমান।

## ফুটনোট

[1] http://www.biblelight.net/hebrew-canon.htm

Source — https://www.hadithbd.com/books/link/?id=13884

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন